২০

দৈনিক ইত্তেফাক

তারিখ ৩১ DEC 1994
পৃষ্ঠা ৩ কলাম ৫

# মাদারীপুর ও বরগুনায় প্রাইমারী শিক্ষকের ৯১টি পদ শূন্য

ইত্তেফাক সংবাদদাতাদের প্রেরিত খবরে জানা গিয়াছে, মাদারীপুর জেলায় প্রাইমারী শিক্ষকের ৫৫টি, এবং বরগুনা জেলায় ৩৬টি পদ শূন্য রহিয়াছে।

মাদারীপুর ॥ মাদারীপুর জেলায় প্রাথমিক শিক্ষকের ৫৫টি পদ শূন্য থাকায় শিক্ষকের অভাবে ছাত্র-ছাত্রীদের লেখা-পড়া ব্যাহত হইতেছে। জেলায় প্রধান শিক্ষকের ১৮টি পদ ও সহকারী শিক্ষকের ৩৭ পদ শূন্য রহিয়াছে। একমাত্র

( ৮ম পৃঃ দ্রঃ )

## মাদারীপুর ও বরগুনায়

(৩য় পৃঃ পর)

শিবচর থানায়ই প্রধান শিক্ষকের ১১টি পদ, কালকিনি থানায় সহকারী শিক্ষকের ১৯টি পদ ও রাজৈর থানায় ৫টি পদ বর্তমানে শূন্য।

বরগুনা ॥ বরগুনা জেলার ৫টি থানার প্রাথমিক বিদ্যালয়ের ৩৬ জন শিক্ষকের পদ শূন্য থাকায় বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা কার্যক্রম ব্যাহত হইতেছে। ইহারমধ্যে ২১ জন প্রধান শিক্ষক ও ১৫ জন সহকারী শিক্ষক।

দীর্ঘদিন পর্যন্ত এইসব পদ শূন্য রহিয়াছে। কোন কোন বিদ্যালয়ে ১ বা ২ জন শিক্ষককে সমস্ত ক্লাস নিতে হইতেছে। যাহার ফলে শিক্ষকরা যত্ন সহকারে ছেলে-মেয়েদিগকে পাঠদান করিতে পারিতেছেন না।

ভোলা প্রাথমিক শিক্ষা দপ্তর হইতে জানা গিয়াছে বরগুনা সদর থানায় ১৪ জন, বামনা থানায় ৪ জন, পাথরঘাটা থানায় ৯ জন, বেতাগী থানায় ৪ জন এবং আমতলী থানায় ৫ জন শিক্ষকের পদ শূন্য রহিয়াছে। দিন দিন প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীর সংখ্যা বাড়িলেও সেই তুলনায় নূতন শিক্ষকের পদ সৃষ্টি করা হয় নাই। শিক্ষক স্বল্পতার কারণ সম্পর্কে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার জানান, বেশ কিছু শিক্ষকের অবসরগ্রহণ ও মৃত্যুবরণ করায় এই শূন্যতার সৃষ্টি হইয়াছে। তিনি জানান, ২১ জন প্রধান শিক্ষক নিয়োগের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হইয়াছে, অচিরেই শিক্ষা অধিদপ্তরের অনুমতিক্রমে মৌখিক পরীক্ষা গ্রহণ করিয়া নিয়োগপত্র দেওয়া হইবে।